শেখ হাসিনা-কামালকে আত্মসমর্পণের নির্দেশ দিয়ে ট্রাইব্যুনালে বিজ্ঞপ্তি জারি



সংগৃহীত ছবি

২০২৪ সালের জুলাই-আগস্ট গণহত্যার মামলায় শেখ হাসিনা ও কামালকে আত্মসমর্পণের নির্দেশ দিয়ে বিজ্ঞপ্তি জারি করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। তারা উপস্থিত নাহলে তাদের অনুপস্থিতিতেই বিচার চালিয়ে যাবে বলে উল্লেখ করা হয় বিজ্ঞপ্তিতে।

কোটা সংস্কারের প্ল্যাটফর্ম বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে গণহত্যার নেতৃত্ব দেয়ার অভিযোগের মামলায় পলাতক আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে ট্রাইব্যুনালে হাজির হতে পত্রিকায় এই বিজ্ঞপ্তি দেয়া হয়। বিজ্ঞপ্তিতে তাদের আগামী এক সপ্তাহের মধ্যে ট্রাইব্যুনালে হাজির হওয়ার নির্দেশনা দিতে বলা হয়েছে।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশনের আবেদনের প্রেক্ষিতে গতকাল সোমবার দুপুরে আদালতের বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদার, বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ এবং অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ মো. মোহিতুল হক এনাম চৌধুরী নেতৃত্বাধীন ট্রাইব্যুনাল এ আদেশ দেন।

LENS ASIA